

ঢাবির প্রিন্টিং ও পাবলিকেশনের দশক পূর্তি উদযাপন

নিজস্ব প্রতিবেদক

১৩ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের এক দশক পূর্তি উদযাপিত হয়েছে। গতকাল সোমবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে তা অনুষ্ঠিত হয়। এ সময় প্রকাশনা শিল্পকে সমৃদ্ধ করতে প্রাতিষ্ঠানিক শিক্ষার গুরুত্ব ও প্রায়োগিক চর্চার প্রয়োজনীয়তা তুলে ধরেন বক্তব্যার্থী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

UNIBOTS

বিভাগীয় চেয়ারপারসন ড. শিল্পী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তৃব্য দেন। বিভাগের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত লেকচার সিরিজের উদ্বোধনী পর্বে ‘প্রকাশনার হালচাল’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এএফ সিরাজুল ইসলাম চৌধুরী। বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. সুধাংশু শেখর রায় স্বাগত বক্তৃব্য দেন।